

# বিবেকানন্দ কলেজ


আলিপুরদুয়ার

## বিজ্ঞপ্তি

তারিখ- ১৭.১২.২০২১

এতদ্বারা বিবেকানন্দ কলেজের সকল ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে আগামী ২০.১২.২০২১ তারিখ সোমবার কলেজের আলোচনা কক্ষে ছাত্রছাত্রীদের Student credit card সংক্রান্ত একটি সচেতনতা শিবিরের আয়োজন করা হয়েছে। উক্ত আলোচনা সভায় কলেজের ছাত্রছাত্রী, শিক্ষক ও শিক্ষাকর্মী সকলকে দুপুর ১২ টায় উপস্থিত থাকতে অনুরোধ করা হচ্ছে।

প্রোগ্রাম অফিসার



উপাধ্যক্ষ

বিবেকানন্দ কলেজ  
আলিপুরদুয়ার



## পশ্চিমবঙ্গ স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্প উচ্চশিক্ষা দপ্তর



### প্রকল্পটি কী:

পশ্চিমবঙ্গবাসী শিক্ষার্থীদের উজ্জ্বল ভবিষ্যতের স্বার্থে, তাঁদের শিক্ষাক্ষেত্রে এগিয়ে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে স্বল্প সুদ অথচ দীর্ঘমেয়াদে পরিশোধযোগ্য সর্বোচ্চ ১০ লাখ টাকা পর্যন্ত শিক্ষাঋণ প্রদান।

### কারা এই সুবিধা পাবে:

- ১। ভারতের নাগরিক এবং অল্পতপক্ষে ১০ বছর পশ্চিমবঙ্গে বসবাসকারী পরিবারভুক্ত শিক্ষার্থী।
  - ২। আবেদন করার সময় শিক্ষার্থীর বয়স অনধিক ৪০ বছর হতে হবে।
  - ৩। পশ্চিমবঙ্গ সরকারের স্বীকৃত বোর্ড/সংসদের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সরকারি/বেসরকারি বিদ্যালয়/মাদ্রাসায় দশম শ্রেণি থেকে উচ্চমাধ্যমিক পাঠরত শিক্ষার্থী।
  - ৪। দেশ/বিদেশের যে কোনও স্বীকৃত কলেজ/বিশ্ববিদ্যালয়/উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা কোর্স সহ স্নাতক/স্নাতকোত্তর/পেশাগত/ডক্টরাল ও পোস্ট ডক্টরাল কোর্সে পাঠরত শিক্ষার্থী।
  - ৫। বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য কোচিং ইনস্টিটিউশনে প্রশিক্ষণরত শিক্ষার্থী।
- সব ক্ষেত্রেই নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদন করতে হবে।  
আবেদনকারীকে সহ-ঋণগ্রহীতাকে সাথে করে ক্যাম্পে আসার জন্য অনুরোধ করা হচ্ছে।

### কী কী নথি/তথ্য প্রয়োজন:

- ১। আবেদনকারীর আধার কার্ডের জেরক্স কপি/মাধ্যমিকের রেজিস্ট্রেশন নথির জেরক্স কপি।
- ২। আবেদনকারীর মোবাইল ফোন নম্বর ও ই-মেল আই ডি।
- ৩। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার (মা/বাবা/আইনি অভিভাবক) রঙিন ছবি।
- ৪। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার প্যান কার্ডের জেরক্স কপি। প্যান কার্ড না থাকলে নির্দিষ্ট ফর্ম্যাটে অঙ্গীকারপত্র।
- ৫। অভিভাবকের ঠিকানার প্রমাণপত্রের জেরক্স কপি ও মোবাইল ফোন নম্বর।
- ৬। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার ব্যাঙ্কের তথ্য: ব্যাঙ্কের নাম ও শাখা, অ্যাকাউন্ট নম্বর, আই এ এস কোড ইত্যাদি সম্বলিত ঐ ব্যাঙ্কের পাসবইয়ের প্রথম পাতার জেরক্স কপি।
- ৭। আবেদনকারী ও সহ-ঋণগ্রহীতার নমুনা স্বাক্ষর।
- ৮। শিক্ষা প্রতিষ্ঠানের কোর্স ফি সম্বলিত নথির জেরক্স কপি।
- ৯। শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রমাণপত্র/নথির জেরক্স কপি।

### বিশদে জানতে ও আবেদন করার জন্য:

www.wb.gov.in দেখুন বা <https://banglaruchchashiksha.wb.gov.in>-এর STUDENT CREDIT CARD ট্যাবে ক্লিক করুন বা <https://wbcc.wb.gov.in> দেখুন।

টোল ফ্রি নম্বর : ১৮০০ ১০২৮০ ১৪ অথবা

ই-মেল করুন [support-wbcc@bangla.gov.in](mailto:support-wbcc@bangla.gov.in) বা [contactwbcc@gmail.com](mailto:contactwbcc@gmail.com) -এ।

পশ্চিমবঙ্গ সরকার